

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নম্বর-৫২.০১.০০০০.১০৪.১২.০০৬.২১.০৬৭৭


তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৯
০৭ মার্চ, ২০২৩

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র রাজস্ব খাতভুক্ত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদ হতে 'উচ্চমান সহকারী' পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" এর আলোকে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে 'উচ্চমান সহকারী' পদে পদোন্নতির বিধান রয়েছে। পদোন্নতির কার্যক্রম গ্রহণের নিমিত্ত বিবিএস এ কর্মরত (ফিডার পদের চাকরি পূর্ণ হয়েছে এমন) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদধারীদের নিম্নলিখিত কাগজপত্রাদি/তথ্যাদি আগামী ৩০.০৩.২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১। পদোন্নতির জন্য আবেদনপত্র;
- ২। হালনাগাদ চাকরি বহি;
- ৩। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদে অন্যান্য ০৫ (পাঁচ) বৎসর (২০১৮-২০২২ সাল পর্যন্ত) এর বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর);
- ৪। প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী/দুদকের কোনো মামলা নেই মর্মে অফিস প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র;
- ৫। চাকরি স্থায়ীকরণ আদেশের কপি।

উল্লেখ্য যে, কোন ফিডার পদধারী পদোন্নতি নিতে না চাইলে 'পদোন্নতি নিতে ইচ্ছুক নই' মর্মে মহাপরিচালক মহোদয় বরাবর আবেদন করতে হবে।



এস.এম. আনিসুল্জামান
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ০২-৫৫০০৭০৬৮

ই-মেইল: dir_fa&mis@bbs.gov.bd

বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১. পরিচালক (সকল),..... উইং, বিবিএস, ঢাকা (অধীনস্থ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদধারীদের উল্লিখিত কাগজপত্রাদি/তথ্যাদি প্রেরণের অনুরোধসহ)।
০২. পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা (বিবিএস এর ওয়েবসাইট এ প্রকাশের অনুরোধসহ)।
০৩. যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান অফিস (অধীনস্থ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদধারীদের উল্লিখিত কাগজপত্রাদি/তথ্যাদি প্রেরণের অনুরোধসহ)।
০৪. উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয় (অধীনস্থ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বা ডুয়েল ডাটা অপারেটর পদধারীদের উল্লিখিত কাগজপত্রাদি/তথ্যাদি প্রেরণের অনুরোধসহ)।
০৫. উপপরিচালক, প্রশাসন/সমন্বয়/ডিপিসি/প্রকাশনা, এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
০৬. স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
০৭. স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস, ঢাকা।
০৮. গার্ড নথি/অফিস কপি।